অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন যে SOMOS সাইনিংয়ে SUNY এবং পুয়ের্তো রিকো ইউনিভার্সিটি পাঁচ বছরের সহযোগিতার জন্য একমত হয়েছে

শিক্ষার্থীদের সফলতার কৌশল, গবেষণা, মানসিক স্বাস্থ্য, টেকসই দশা এবং অন্যান্য ক্ষেত্রে SUNY এবং UPR অংশীদারিত্ব করবে

সাইনিংয়ের ছবি এখানে দেখা যাবে

2023 SOMOS পুয়ের্তো রিকো কনফারেন্স (SOMOS Puerto Rico Conference) চলাকালে, আজকে গভর্নর হোকল ঘোষণা করলেন যে, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র, পুয়ের্তো রিকো ইউনিভার্সিটির (University of Puerto Rico, UPR) প্রেসিডেন্ট লুইস এ. ফেরাও ডেলগাডোর প্রতিনিধি, ইউনিভার্সিটির একাডেমিক অ্যাফেয়ার্স ও গবেষণার ভাইস প্রেসিডেন্ট ডাঃ ওরেস্ট কেসিডার সাথে যোগ দিয়ে সিস্টেম দুইটির মধ্যে শিক্ষার্থীর সফলতা, গবেষণা, টেকসই দশা এবং সচলতাসহ মিলিত অগ্রাধিকারসমূহ সংক্রান্ত একটি পাঁচ বছরের সহযোগিতা চুক্তিতে স্বাক্ষর করেন।

"SUNY এবং পুয়ের্তো রিকো ইউনিভার্সিটির মধ্যকার এই ঐতিহাসিক অংশীদারিত্ব হলো শিক্ষার্থীদের সফলতা এবং নাগরিক জড়িতকরণ সম্পর্কে আমাদের মিলিত ভিশনের একটি প্রমাণস্বরূপ," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক এবং পুয়ের্তো রিকোর মধ্যকার অলঙ্ঘনীয় বন্ধনটির উৎস তরুণদের গল্পে, এবং আজকের ঘোষণাটি পরবর্তী প্রজন্মের নেতৃবৃন্দের প্রতি আমাদের প্রতিশ্রুতিকে আরেকবার নিশ্চিত করে।"

দীর্ঘমেয়াদি এই সহযোগিতা SUNY এবং UPR এর মধ্যে 2018 সালে প্রতিষ্ঠিত একটি চুক্তিকে বিস্তৃত ও সম্প্রসারিত করে, এবং এটি নিউ ইয়র্ক, পুয়ের্তো রিকো এবং ক্যারিবিয়ান অঞ্চলের সমস্যা সম্পর্কে SUNY ক্যাম্পাসসমূহকে সরাসরি UPR স্কুলের সাথে কাজ করতে উৎসাহিত করবে, যেমন:

- শিক্ষার্থী সফলতা ও সমর্থন;
- সহযোগিতামূলক বৈজ্ঞানিক গবেষণা;

- দুর্যোগ ব্যবস্থাপনা, প্রশমন এবং স্থিতিস্থাপকতা শিক্ষা, যার মধ্যে দুর্যোগে মানসিক স্বাস্থ্য থাকবে;
- টেকসই উদ্যোগের সাথে সহযোগিতা, যার মধ্যে নবায়নযোগ্য শক্তি অন্তর্ভুক্ত থাকবে কিন্তু তা এতে সীমাবদ্ধ থাকবে না;
- কনফারেন্স, সেমিনার, লেকচার এবং আলোচনার জন্য অনুষদ সদস্য ও গবেষকদের পরিদর্শন;
- অনুষদ ও শিক্ষার্থীদের সচলতার জন্য সুযোগ তৈরি করা;
- দ্বৈত ডিপ্লোমা কর্মসূচির বিকাশ;
- উন্নত ফলিত ও সেবা শিক্ষার সুযোগ; এবং
- আধুনিক প্রস্তুতকরণ।

অ্যালবানি ইউনিভার্সিটির (University at Albany) প্রেসিডেন্ট হাভিদান রড্রিগেজ এবং SUNY এনভায়রনমেন্টাল সাইন্স এবং ফরেস্ট্রি কলেজ (College of Environmental Science and Forestry, ESF) এর প্রেসিডেন্ট জোয়ানি ম্যাহোনি এই সাইনিংয়ে যোগদান করেন। SUNY নিউ প্যাল্টজের (SUNY New Paltz) সাথে তাদের ক্যাম্পাস পরিবেশ সংক্রান্ত, আবহাওয়া ও মানসিক স্বাস্থ্য গবেষণায় সহযোগিতামূলক সুযোগ প্রদান করার চেষ্টা করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। SUNY ESF এর শিক্ষার্থী ইভা সাইডারিস এবং ইসাবেল ভ্যালেন্টিন ও UPR শিক্ষার্থী এনহেল রড্রিগেজ ও ড্যানিয়েল ফার্নান্ডেজও সাইনিংয়ে অংশগ্রহণ করে।

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "SUNY এর প্রথম পুয়ের্তো রিকান এবং আফ্রিকান আমেরিকান চ্যান্সেলর হিসেবে, SOMOS কনফারেন্স চলাকালে পুয়ের্তো রিকো ইউনিভার্সিটির সাথে একটি বিস্তৃত অংশীদারিত্ব ঘোষণা করার মাধ্যমে পুয়ের্তো রিকো এবং নিউ ইয়র্ক স্টেটে শিক্ষার্থীদের সফলতা ও গবেষণার প্রতি আমাদের প্রতিশ্রুতি আরেকবার নিশ্চিত করতে পেরে আমি গর্বিত। আমার পারিবারিক বন্ধনের পাশাপাশি, আমার ক্যারিয়ারের শুরুতে আমি পুয়ের্তো রিকোতে একটি হাই স্কুলের শিক্ষক ছিলাম। SUNY ও UPR শিক্ষার্থীদের কল্যাণে শিক্ষামূলক সুযোগ অগ্রসর করতে UPR এর সাথে কাজ করার জন্য ফিরতে পারা, বিশেষ করে বর্তমান সময়ে, আনন্দের ব্যাপার।"

পুয়ের্তো রিকো ইউনিভার্সিটির প্রেসিডেন্ট লুইস এ. ফেরাও বলেন, "নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি বহু বছর ধরে পুয়ের্তো রিকো ইউনিভার্সিটির বন্ধু, এবং আমরা বহু শিক্ষার্থী আদানপ্রদান করেছি যা আমাদের ইউনিভার্সিটির তরুণ শিক্ষার্থীদের জন্য অনন্য অভিজ্ঞতা প্রদান করেছে। এছাড়াও বড় আকারের তদন্ত পরিচালিত হয়েছে। নতুন এই চুক্তির ফলে আমরা অত্যন্ত আত্মবিশ্বাসী যে আমরা আমাদের শিক্ষার্থী ও একাডেমিকদের সেরা একাডেমিক ও গবেষণার অভিজ্ঞতা প্রদান করে যাবো, যাতে সকলের জন্য ইতিবাচক পরিবর্তন ও রূপান্তর তৈরি সম্ভব হয়।"

অ্যালবানি ইউনিভার্সিটির প্রেসিডেন্ট হাভিদান রড্রিগেজ বলেন, "শৈশবে ও তরুণ বয়সে পুয়ের্তো রিকো ও নিউ ইয়র্কে আমি যেই শিক্ষার সুযোগ পেয়েছি তা ছাড়া আমি আজকে যেখানে পৌঁছেছি তা সম্ভব হতো না, এবং বর্তমানে UPR ও SUNY এর মধ্যকার অংশীদারিত্বকে আরো জোরদার করার একটি অবস্থানে দাঁড়াতে পেরে আমি বিনীত হয়েছি। পুয়ের্তো রিকো

ইউনিভার্সিটির মায়াগুয়েজে (Mayagüez) আমার প্রথম অনুষদ নিয়োগ হয়েছিলো, এবং RISE 2019 কনফারেন্সের (RISE 2019 Conference) সময় UPR সহকর্মীদের সাথে অংশীদারিত্ব করে হারিকেন মারিয়ার পরবর্তী দশা এবং জলবায়ু পরিবর্তনের প্রস্তুতি ও স্থিতিস্থাপকতা বৃদ্ধিতে উচ্চতর শিক্ষার ভূমিকা বিশ্লেষণ করতে পেরে আমি গর্বিত হয়েছি। প্রেসিডেন্ট ফেরারোর সাথে মিলে এই কাজ অগ্রসর করতে এবং আমাদের প্রতিষ্ঠানগুলি কীভাবে উদ্ভাবনী উপায়ে আমাদের শিক্ষার্থীদের জন্য একটি কলেজ ডিগ্রির জীবন পরিবর্তনকারী প্রতিশ্রুতি প্রদান করতে পারে সেই পন্থার সন্ধানে কাজ করতে উন্মুখ।"

SUNY ESF এর প্রেসিডেন্ট জোয়ানি ম্যাহোনি বলেন, "পুয়ের্তো রিকোর সাথে ESF এর দীর্ঘদিনের প্রতিশ্রুতি ও সংযোগ রয়েছে এবং আমরা এই অঞ্চলে জলবায়ু পৰিবৰ্তন এবং পরিবেশ সংক্রান্ত অবিচারের প্রভাব নিজের চোখে দেখেছি। UPR এর সাথে SUNY এর অংশীদারিত্বের মাধ্যমে, আমরা স্থানীয়ভাবে প্রয়োজনীয় কিন্তু বৈশ্বিকভাবে উল্লেখযোগ্য অনুশীলনের আরো বিকাশ করার জন্য সুযোগের ব্যাপারে উৎসাহিত হয়েছি।"

SUNY ESF শিক্ষার্থী ইসাবেল ভ্যালেন্টিন বলেন, "UPR সিস্টেমের 2020 সালের গ্র্যাজুয়েট এবং SUNY ESF এর বর্তমান সিনিয়র হিসেবে, আমি গতকাল স্বাক্ষর হওয়া সমঝোতা স্মারকের ব্যাপারে অত্যন্ত আনন্দিত হয়েছি। জনগণের জন্য মানসম্পন্ন শিক্ষার সুযোগ হলো শিক্ষার্থীদের স্বরের ক্ষমতায়ন এবং একত্রে উজ্জ্বলতর ভবিষ্যতের আকৃতি প্রদান করার জন্য অত্যাবশ্যকীয়। SUNY এবং UPR ব্যবস্থার মধ্যকার পারস্পরিক সমর্থনের অফুরন্ত সম্ভাবনা রয়েছে যা শিক্ষার্থী বিকাশ ও প্রবৃদ্ধির জন্য নিরেট সুযোগ তৈরি করতে পারবে। একটি ফলপ্রসূ এবং স্থায়ী অংশীদারিত্বের এই প্রতিশ্রুতির সূচনা হতে দেখার জন্য আমি উদগ্রীব হয়ে অপেক্ষা করছি।"

SUNY ESF এবং UPR যৌথ একাডেমিক ও গবেষণা কর্মসূচি ও সেবায় সহযোগিতামূলক কাজ করবে যার কেন্দ্র হবে পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার, টেকসই দশা, এবং জলবায়ু পরিবর্তন। অংশীদারিত্বের উদ্দেশ্য হলো অনুষদ, শিক্ষার্থী, কর্মী এবং গবেষকদের জন্য সম্প্রসারিত সুযোগ তৈরি করা। একত্রে, প্রতিষ্ঠান দুইটি এমন কর্মসূচি গঠন করতে চায় যা: শিক্ষার্থীদের সাফল্য ও সমর্থনের প্রচার করে; দুর্যোগ ব্যবস্থাপনা ও প্রশমন শিক্ষায় মনোনিবেশ করে; এবং আধুনিক ফলিত ও সেবা শিক্ষার সুযোগ প্রদান করে।

পুয়ের্তো রিকো ইউনিভার্সিটি সম্পর্কে

পুয়ের্তো রিকো ইউনিভার্সিটি পুয়ের্তো রিকোর মূল সরকারি ইউনিভার্সিটি সিস্টেম। অধিকাংশে স্প্যানিশভাষী প্রতিষ্ঠানটি পুরো দ্বীপে 11টি ক্যাম্পাস নিয়ে গঠিত এবং এখানে প্রায় 45,000 শিক্ষার্থী এবং 4,500 অনুষদ সদস্য রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক, যা এই বছর এর 75 তম বর্ষপূর্তি পালন করবে, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সমন্বিত উচ্চ শিক্ষা ব্যবস্থা এবং 95 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY এর 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনো না কোনোটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো ব্যবস্থাজুড়ে SUNY এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে এবং এটি

একটি মার্কিন এনার্জি জাতীয় গবেষণাগার বিভাগের (US Department of Energy National Laborator) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে,suny.edu এ যান।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন